“তোমাদের কেউ যেন এক কাপড়ে সালাত আদায় না করে যে অবস্থায় তার গর্দানের ওপর কোন কিছুই থাকে না”।

আবূ বাকরাহ রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “তোমাদের কেউ যেন এক কাপড়ে সালাত আদায় না করে যে অবস্থায় তার গর্দানের ওপর কোন কিছুই থাকে না”। [সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়া সাল্লাম এক পোশাকে সালাত আদায়কারীকে তার দুই কাঁধ, অর্থাৎ কাঁধ ও ঘাড়ের মাঝখানে যা আছে তা খোলা রাখতে নিষেধ করেছেন এমন যেন না হয় যে তার উপর কিছুই থাকবে না। এর কারণ হল যদিও কাঁধগুলি ‘আওরাহ (শরীরের যেসব অংশ আবশ্যিকভাবে আবৃত করতে হবে) নয়, তবুও সেগুলিকে ঢেকে রাখা ‘আওরা’কে আরও ভালোভাবে আড়াল করার নিশ্চয়তা দেয়, পাশাপাশি সালাতে তাঁর সামনে দাঁড়ানোর সময় এটি সর্বশক্তিমান আল্লাহর প্রতি শ্রদ্ধা ও মহিমা প্রদর্শনের কাছাকাছি।

http://sunnah.global/hadeeth/bn/show/10639